# চিংড়ি চাষ অভিকর আইন, ১৯৯২

( ১৯৯২ সনের ৫৩ নং আইন )

**চিংড়ি চাষ এলাকার উপকৃত জমির উপর অভিকর আরোপকল্পে প্রণীত আইন৷**

যেহেতু চিংড়ি চাষ এলাকার উপকৃত জমির উপর অভিকর আরোপ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১৷ (১) এই আইন চিংড়ি চাষ অভিকর আইন, ১৯৯২ নামে অভিহিত হইবে৷

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখ হইতে এই আইন বলবত্‍ হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "অভিকর" অর্থ এই আইনের অধীন প্রদেয় অভিকর;

(খ) "জমির মালিক" অর্থে জমির দখলদারকেও বুঝাইবে;

(গ) "পানি উন্নয়ন বোর্ড" অর্থ Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P.O No. 59 of 1972) এর অধীন গঠিত Water Development Board; এবং

(ঘ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি৷

**আইনের প্রাধান্য**

৩৷ আপাততঃ বলবত্‍ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধানাবলী কার্যকর হইবে৷

**অভিকর আরোপ**

৪৷ (১) সরকার কর্তৃক চিংড়ি চাষ এলাকায় নির্মিত বাঁধ বা খননকৃত খাল বা স্থাপিত পানি নিয়ন্ত্রণ অবয়বের দরুন কোন জমি উপকৃত হইয়াছে, বা উপকৃত হইতে পারে বলিয়া সরকার যদি অভিমত পোষণ করে, তাহা হইলে সরকার উক্ত এলাকায়, অতঃপর প্রজ্ঞাপিত এলাকা বলিয়া উল্লিখিত, প্রজ্ঞাপনের মাধ্যমে উহাতে উল্লিখিত হারে, অভিকর আরোপ করার অভিপ্রায় ঘোষণা করিতে পারিবে: